দৈনিক খবর

তারিখ 18 DEC 1992
পৃষ্ঠা ৭ কলাম ৬

23

## আঃ রহমান বিশ্বাস প্রাঃ বিদ্যালয়ের উদ্বোধন

সংসদ সদস্য মজিবুর রহমান সরওয়ার গতকাল বৃহস্পতিবার সদর থানার টুঙ্গিবাড়িয়ার মোল্লার হাওলা নামক স্থানে আঃ রহমান বিশ্বাস প্রাথমিক বিদ্যালয়ের উদ্বোধন করেন। এ উপলক্ষে সুখরঞ্জন দেবনাথের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ওবায়দুল হক চান, বশির আহমেদ, নজরুল ইসলাম জুয়েল, আনোয়ার হোসেন লাবলু, এনামুল হক হালিম প্রমুখ।

জনাব সরওয়ার তার বক্তৃতায় বরিশালের পূর্বাঞ্চলে একটি ডিগ্রী কলেজ প্রতিষ্ঠা করার ঘোষণা করে বলেন, বর্তমান সরকার বরিশালের সার্বিক উন্নতির লক্ষ্যে ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছে। আগামী ১লা জানুয়ারী থেকে বরিশালে বিভাগীয় কার্যক্রম শুরু হবে। পরে সাহেবের হাটে কবি নজরুল ইসলাম ক্লাব ও পাঠাগার মাঠে এক জনসভায় বক্তৃতা করেন।